গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, গোপালগঞ্জ
আইসিটি শাখা

www.gopalganj.gov.bd

সভাপতি	মোহাম্মদ মোখলেসুর রহমান সরকার জেলা প্রশাসক
সভার তারিখ	১২ জুন, ২০১৮
সভার সময়	দুপুর ০২.০০ টা
স্থান	জেলা প্রশাসক, গোপালগঞ্জ-এর সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট "ক"

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা এবং সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

১। ইউডিসি পরিদর্শন সংক্রান্তঃ

১.১ জেলা প্রশাসক ও অতিরিক্ত জেলা প্রশাসক কর্তৃক দর্শনঃ

ক্রমিক নং	কর্মকর্তা	ইউডিসি দর্শন
১	জেলা প্রশাসক, গোপালগঞ্জ	০২ টি
২	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), গোপালগঞ্জ	০৩ টি

১.২ উপজেলা নির্বাহী অফিসারগণ কর্তৃক ইউডিসি পরিদর্শন/ দর্শন ও অন্যান্য তথ্যঃ

ক্রঃ নং	উপজেলা	উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠানের তারিখ		ইউডিসি					
		সভা অনুষ্ঠানের তারিখ	সভার কার্যবিবরনী প্রেরণ করা হয়েছে কি না	মোট ইউডিসি এর সংখ্যা	ইউএনও কর্তৃক পরিদর্শন	ইউএনও কর্তৃক দর্শন	ইউডিসি এর মাসিক মোট আয় (টাকা)	ইউডিসি হতে মোট সেবা গ্রহীতা	অন্যান্য প্রশিক্ষণ
১	গোপালগঞ্জ সদর	১৬-৫-১৮	হ্যাঁ	২১	০২	০২	২,৮১,০০০/-	৭,৩০০ জন	--
২	মুকসুদপুর	--	না	১৬	০০	০৩	১,৬৮,৫০০/-	৪,১৭৩ জন	--
৩	কাশিয়ানী	১০-৫-১৮	হ্যাঁ	১৪	০২	০২	১,২২,২৬০/-	৫,৭৫০ জন	--
৪	কোটালীপাড়া	১৪-৫-১৮	হ্যাঁ	১২	০২	০২	১,৪১,০০০/-	৬,৪০০ জন	--
৫	টুঙ্গিপাড়া	১০-৫-১৮	হ্যাঁ	০৫	০২	০২	৬১,০০০/-	৩,২০০ জন	--

২। সভার আলোচনা এবং সিদ্ধান্তঃ

ক্রঃনং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
২.১	**জেলা, উপজেলা ও ইউনিয়ন এর ওয়েব পোর্টালের তথ্যঃ** সভাপতি বলেন, এটুআই এর নির্দেশনা অনুযায়ী জেলা, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের সকল ওয়েব পোর্টালের ডিজাইন একই রকম করা হয়েছে। প্রতিটি দপ্তর হতে কমপক্ষে একজন কর্মকর্তা/ কর্মচারীকে এ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।	প্রতিটি দপ্তর স্ব-উদ্যোগে নিজ দপ্তরের ওয়েব পোর্টাল হালনাগাদ রাখবে।	১। জেলা পর্যায়ের কর্মকর্তা (সকল) ২। উপজেলা পর্যায়ের কর্মকর্তা (সকল) ৩। সহকারী প্রোগ্রামার (সকল)

২.২	**ইউডিসি সেন্টারের আয় ও সেবা প্রদান সংক্রান্ত তথ্য আপলোডঃ** ইউডিসি উদ্যোক্তাদের দিয়ে তাদের আয়ের তথ্য নিয়মিত ডিজিটাল সেন্টার ম্যানেজমেন্ট সিস্টেমে আপলোড নিশ্চিত করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়।	। যে সকল উদ্যোক্তা তাদের আয়ের তথ্য আপলোড করছে না তাদের বিষয়ে কঠোর পদক্ষেপ গ্রহণ করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২। সহকারী প্রোগ্রামার (সকল)
২.৩	**অনলাইনে রেকর্ডরুম হতে পর্চা সরবরাহঃ** মে, ২০১৮ মাসে রেকর্ডরুমে অনলাইনের মাধ্যমে ৪৫ টি পর্চার আবেদন করা হয়েছে এবং উক্ত পর্চা সরবরাহ করা হয়েছে। অনলাইনে পর্চার আবেদন সংক্রান্ত সার্ভারে কোন জটিলতা নাই বলে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) সভায় জানান।	অনলাইনে পর্চার আবেদন করার জন্য উদ্যোক্তাদের উদ্বুদ্ধ করতে হবে।	১। সহকারী কমিশনার, রেকর্ডরুম শাখা/ আইসিটি শাখা ২। সহকারী প্রোগ্রামার
২.৪	**ই-ফাইলিং সিস্টেমে চিঠিপত্র নিষ্পত্তিঃ** অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), সভায় জানান যে, বর্তমানে এ কার্যালয়ের সকল শাখার দাপ্তরিক কাজ ই-ফাইলিং-এর মাধ্যমে করা হচ্ছে। পর্যায়ক্রমে জেলার বিভিন্ন দপ্তরের ই-ফাইল (নথি) কার্যক্রম শুরু করার উদ্দেশ্যে কর্মকর্তা কর্মচারীদের ই-ফাইল (নথি) প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে।	এ কার্যালয়ের সকল শাখার সকল কর্মচারী তাদের দাপ্তরিক কাজ ই-ফাইল (নথি) এর মাধ্যমে সম্পন্ন করবে।	১। ডিডি, এলজি ২।অতিরিক্ত জেলা প্রশাসক (সকল)/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল শাখা)
২.৫	**সরকারি ই-মেইল ব্যবহার সংক্রান্তঃ** সভায় জানা যায় জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তরের নামে নিজস্ব ইমেইল আইডি খোলা হয়েছে এবং দাপ্তরিক তথ্য আদান প্রদানের ক্ষেত্রে উক্ত নম্বর ব্যবহার করছে।	সকল প্রকার দাপ্তরিক পত্র, সভার কার্যবিবরণী ই-মেইলের মাধ্যমে আদান-প্রদান করতে হবে।	১। জেলা পর্যায়ের কর্মকর্তা (সকল) ২। উপজেলা পর্যায়ের কর্মকর্তা (সকল) ৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল শাখা)
২.৬	**উপজেলা আইসিটি কমিটির সভা অনুষ্ঠানঃ** সভায় জানা যায় যে, মে, ২০১৮ মাসে মুকসুপুর উপজেলা ব্যাতীত জেলার সকল উপজেলায় উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে।	প্রতিমাসে অবশ্যই উপজেলা আইসিটি বিষয়ক কমিটির সভা করে তার কার্যবিবরণী এ কার্যালয়ে প্রেরণ করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল)
২.৭	**ইউডিসি হতে পল্লী বিদ্যুতের বিল আদায় কার্যক্রমঃ** মে, ২০১৮ মাসে গোপালগঞ্জ সদর উপজেলা হতে ৪৮২,০০০/-, কোটালীপাড়া উপজেলা হতে ১৩৫,০০০/- এবং টুঙ্গিপাড়া উপজেলা হতে মোট ২২৫,০০০/- টাকা বিদ্যুৎ বিল হিসেবে ইউনিয়ন ডিজিটাল সেন্টারগুলো গ্রহণ করেছে। মুকসুদপুর ও কাশিয়ানী উপজেলার ইউডিসিগুলোতে বিদ্যুৎ বিল গ্রহণ কার্যক্রম চালু হয়নি।	মুকসুদপুর ও কাশিয়ানী উপজেলার ডিজিটাল সেন্টারগুলোতে বিদ্যুৎ বিল গ্রহণ কার্যক্রম চালু করার বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার, মুকসুদপুর / কাশিয়ানী

২.৮	**উদ্যোক্তার তথ্যঃ** এ জেলার ডিজিটাল সেন্টারগুলোতে বর্তমানে ১৪০ জন উদ্যোক্তা রয়েছে। প্রতিটি ডিজিটাল সেন্টারে নারী উদ্যোক্তাদের উপস্থিতি নিশ্চিত করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	ডিজিটাল সেন্টারে নারী উদ্যোক্তাদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। দক্ষ উদ্যোক্তাদের দিয়ে অদক্ষ উদ্যোক্তাদের কাজ শেখানোর ব্যবস্থা করতে হবে। কোন উদ্যোক্তা পরিবর্তন/ নিয়োগপ্রাপ্ত হলে তা সাথে সাথে এ কার্যালয়কে অবহিত করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল)
২.৯	**বিসিসি হতে শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত ল্যাব পরিদর্শন প্রতিবেদন দাখিল বিষয়ক তথ্যঃ** মে, ২০১৮ মাসে সহকারী প্রোগ্রামার, গোপালগঞ্জ সদর ০২ টি এবং সহকারী প্রোগ্রামার, টুঙ্গিপাড়া উপজেলা ০২ টি শিক্ষা প্রতিষ্ঠানের কম্পিউটার ল্যাব পরিদর্শন করেছেন।	পরিদর্শনের হার আরও বৃদ্ধি করতে হবে। কম্পিউটার ল্যাব পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। ক্লাস চলাকালীন সময়ে কম্পিউটার ল্যাব খোলা থাকতে হবে।	১) উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২। জেলা শিক্ষা অফিসার ২) সহকারী প্রোগ্রামার (সকল)
২.১০	**জেলা পর্যায়ে বিভিন্ন প্রশিক্ষণ আয়োজনের তথ্যঃ** এ কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের আইসিটি বিষয়ে দক্ষতা বৃদ্ধির জন্য স্মার্টফোন ব্যবহার, এন্টিভাইরাসসহ বিভিন্ন সফটওয়্যার ইন্সটলেশন, সিডি/ ডিভিডি রাইট করা, ইন্টারনেট ব্যবহার, ই-মেইল, ফেসবুক ব্যবহার বিষয়ে প্রশিক্ষণের আয়োজন করা প্রয়োজন।	ওয়েব পোর্টাল আপলোড বিষয়ক প্রশিক্ষণ এবং ই-ফাইল (নথি) বিষয়ক প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে এবং এ কার্যালয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের জন্য আইসিটি বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচি আয়োজন করতে হবে।	১।অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ২।সহকারী কমিশনার, আইসিটি শাখা ৩।সহকারী প্রোগ্রামার
২.১১	**মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন সংক্রান্তঃ** মে, ২০১৮ মাসে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গোপালগঞ্জ সদর ০৯ টি, উপজেলা নির্বাহী অফিসার, মুকসুদপুর ০৫টি, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মুকসুদপুর ১০টি , উপজেলা নির্বাহী অফিসার, কাশিয়ানী ০৫টি, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাশিয়ানী ০৮টি, উপজেলা নির্বাহী অফিসার, কোটালীপাড়া ০৪টি, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কোটালীপাড়া ০৮টি, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, টুঙ্গিপাড়া ০৫টি এবং জেলা শিক্ষা অফিসার ১২টি মাল্টিমিডিয়া ক্লাসরুম পরিদর্শন করেছেন।	মাল্টিমিডিয়া সুবিধাসম্পন্ন বিদ্যালয়গুলোতে প্রতিদিন কমপক্ষে ০৬টি ক্লাস মাল্টিমিডিয়ার মাধ্যমে নিতে হবে এবং এর তথ্য অনলাইনে আপলোড করতে হবে। মাল্টিমিডিয়া ক্লাসরুমের সঠিক ব্যবহার নিশ্চিত করতে হবে।	১। উপজেলা নির্বাহী অফিসার (সকল) ২।জেলা শিক্ষা অফিসার

২.১২	**জনসেবায় facebook এর ব্যবহার বৃদ্ধি সংক্রান্তঃ** অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), গোপালগঞ্জ সভায় জানান যে, জেলা প্রশাসনের ফেসবুক ও ইউটিউব চ্যানেলে জেলা প্রশাসন হতে গ্রহণকৃত বিভিন্ন কার্যক্রমের তথ্য, বিভিন্ন কর্মকান্ড ও অনুষ্ঠানের ছবি ও ভিডিও নিয়মিত আপলোড করা হচ্ছে। ফেসবুকের মাধ্যমে প্রাপ্ত বিভিন্ন সমস্যার সমাধান দ্রুততার সাথে করা হয়ে থাকে। সকল সরকারি দপ্তরের উন্নয়ন কর্মকান্ডের ছবি জেলা প্রশাসনের ফেসবুকে শেয়ার করা প্রয়োজন।	জেলা ও উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তর তাদের গ্রহণকৃত বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রমের তথ্য ও ছবি তাদের ফেসবুক পেজে আপলোড করতে হবে এবং জেলা প্রশাসনের ফেসবুক পেজে শেয়ার করতে হবে।	১। জেলা পর্যায়ের কর্মকর্তা (সকল) ২। উপজেলা পর্যায়ের কর্মকর্তা (সকল) ৩। সহকারী প্রোগ্রামার
২.১৩	**অপটিক্যাল ফাইবার সংযোগঃ** সভাপতি জেলা ও উপজেলার সকল সরকারি দপ্তর এবং ইউডিসি কেন্দ্রগুলোতে ব্রডব্যান্ড সংযোগ স্থাপন এবং সার্বক্ষনিক ইন্টারনেট থাকার বিষয়টি নিশ্চিত করতে বলেন।	জেলা ও উপজেলা পর্যায়ের কোন সরকারি দপ্তরে ইন্টারনেট সমস্যা দেখা দিলে তাৎক্ষণিকভাবে ফাইবার এ্যাট হোম, গোপালগঞ্জ জেলা শাখা দ্রুততম সময়ের মধ্যে সমস্যার সমাধান করবে।	১।জেলা ও উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা ২। এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার,ফাইবার এ্যাট হোম, গোপালগঞ্জ
২.১৪	**ইনোভেশন সংক্রান্ত কর্মপরিকল্পনাঃ** সভাপতি জানান, জেলা এবং উপজেলা পর্যায়ের প্রতিটি দপ্তর হতে ইনোভেশন উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। জেলা ও উপজেলা ইনোভেশন টিম ইনোভেশন উদ্যোগ বাস্তবায়নে আরও ভূমিকা রাখা প্রয়োজন। ইনোভেশন টিমের বাৎসরিক কর্মপরিকল্পনা অনুযায়ী ইনোভেশন উদ্যোগ বাস্তবায়নের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	জেলা ও উপজেলা ইনোভেশন টিমসমূহ তাদের কর্মপরিকল্পনা গ্রহণ করবে এবং কার্যক্রমের অগ্রগতি প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ করবে।	১। জেলা ইনোভেশন টিম ২। উপজেলা ইনোভেশন টিম

৩। অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ মোখলেসুর রহমান সরকার
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪১.৩৫০০.০২৩.০৪.০০২.১৬.৭১

তারিখ: ১৪ আষাঢ়.১৪২৫
২৮ জুন ২০১৮

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মাননীয় সংসদ সদস্য, গোপালগঞ্জ-২ আসন, ব্লক বি, চেয়ারম্যান বাড়ী, বনানী, ঢাকা

২) মাননীয় সংসদ সদস্য, গোপালগঞ্জ-১ আসন, বাড়ী নং-১৫/সি , রোড নং -২, ক্যান্টনমেন্ট এলাকা, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা

৩) আলহাজ্ব অ্যাডভোকেট শেখ মোহাম্মদ আব্দুল্লাহ, মাননীয় প্রধানমন্ত্রীর নির্বাচনী এলাকা, গোপালগঞ্জ ০৩ এর প্রতিনিধি, , কলেজ রোড, গোপালগঞ্জ

৪) মন্ত্রিপরিষদ সচিব , মন্ত্রিপরিষদ বিভাগ

৫) সিনিয়র সচিব , জনপ্রশাসন মন্ত্রণালয়

৬) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৭) সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

৮) বিভাগীয় কমিশনার , বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা

৯) নির্বাহী পরিচালক, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

১০) পুলিশ সুপার , গোপালগঞ্জ

১১) সিভিল সার্জন , গোপালগঞ্জ

১২) উপ-পরিচালক, স্থানীয় সরকার, গোপালগঞ্জ

১৩) অধ্যক্ষ , সরকারি বঙ্গবন্ধু কলেজ, গোপালগঞ্জ

১৪) অধ্যক্ষ, শেখ ফজিলাতুন্নেছা সরকারি মহিলা কলেজ, গোপালগঞ্জ

১৫) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট/ অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক/ রাজস্ব/ শিক্ষা ও আইসিটি) , গোপালগঞ্জ

১৬) সিনিয়র সিস্টেমস এনালিস্ট, জনপ্রশাসন মন্ত্রণালয়

১৭) উপজেলা নির্বাহী অফিসার , গোপালগঞ্জ সদর/ মুকসুদপুর/ কাশিয়ানী/ কোটালীপাড়া/ টুঙ্গিপাড়া, গোপালগঞ্জ

১৮) তত্ত্বাবধায়ক, তার কারখানা, বিটিসিএল, গোপালগঞ্জ

১৯) জেলা শিক্ষা অফিসার , গোপালগঞ্জ

২০) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার , গোপালগঞ্জ

২১) সহকারী প্রকৌশলী , বিটিসিএল, গোপালগঞ্জ

২২) ....., ...

মোহাম্মদ মোখলেসুর রহমান সরকার
জেলা প্রশাসক